



## জনসংযোগ কার্যালয় জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

সাভার, ঢাকা, বাংলাদেশ  
ফোন: ০২২২৪৪৯১০৪৫-৫১  
ফ্যাক্স: ০২২২৪৪৯১০৫২  
ওয়েবসাইট: www.juniv.edu



### প্রেস বিজ্ঞপ্তি

সম্মাননা কাজের ক্ষেত্রে অনুপ্রেরণা যোগায়  
শিক্ষা উন্নয়নে 'এটিএন বাংলা উন্নয়নে বাংলাদেশ অ্যাওয়ার্ড ২০২২' অনুষ্ঠানে  
জাবি উপাচার্য অধ্যাপক ড. মোঃ নূরুল আলম

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, ০৬ মার্চ ২০২৩।

শিক্ষা উন্নয়ন ক্যাটাগরিতে 'এটিএন বাংলা উন্নয়নে বাংলাদেশ অ্যাওয়ার্ড ২০২২' গ্রহণকালে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মোঃ নূরুল আলম বলেছেন, সম্মাননা কাজের ক্ষেত্রে অনুপ্রেরণা যোগায়। এটিএন বাংলা কর্তৃক প্রবর্তিত শিক্ষা উন্নয়ন ক্যাটাগরিতে সম্মাননা লাভ করায় তিনি আনন্দিত এবং শিক্ষা-প্রশাসন পরিচালনায় তিনি উৎসাহ পাচ্ছেন। তিনি বলেন, মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বাধীন বর্তমান সরকার শিক্ষার গুণগত মান বৃদ্ধি এবং শিক্ষার প্রসারে নানামুখী পদক্ষেপ গ্রহণ করছে। এটিএন বাংলা কর্তৃক প্রদত্ত তাঁর এ সম্মাননা অর্জন শিক্ষাক্ষেত্রে সরকারের সেই সাফল্যেরই স্বীকৃতি। উপাচার্য শিক্ষাক্ষেত্রে তাঁর প্রশাসনের বিভিন্ন পদক্ষেপে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন। শিক্ষা খাতে গুরুত্বপূর্ণ অবদানের জন্য এটিএন বাংলা কর্তৃক প্রদত্ত এ সম্মাননা স্মারক উপাচার্যের হাতে তুলে দেন প্রধান অতিথি গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের আইন, বিচার ও সংসদ বিষয়ক মাননীয় মন্ত্রী জনাব আনিসুল হক, এমপি। গতকাল রবিবার সন্ধ্যা ছয়টায় বাংলাদেশ চলচ্চিত্র উন্নয়ন কর্পোরেশন (বিএফডিসি) এর ৮ নম্বর ফ্লোরে এই অ্যাওয়ার্ড প্রদান করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি তাঁর ভাষণে দেশ ও জনসাধারণের উন্নয়নমূলক কর্মকাণ্ডে সরকারের বিভিন্ন পদক্ষেপে সকলকে অংশীদার হওয়ার আহবান জানান।

অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে আরও বক্তব্য রাখেন এটিএন বাংলার প্রধান উপদেষ্টা নওয়াজীশ আলী খান, উপদেষ্টা (অনুষ্ঠান ও সম্প্রচার) তামিক আহমেদ প্রমুখ। অনুষ্ঠানে বিভিন্ন ক্ষেত্রে বিশেষ অবদানের জন্য সংশ্লিষ্ট ব্যক্তিগণকেও সম্মাননা স্মারক প্রদান করা হয়।

মোহাম্মদ মহিউদ্দিন, পিএইচডি  
পরিচালক (ভারপ্রাপ্ত)

